upload করা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর
বাংলাদেশ বেতার, বরিশাল।
www.betar.gov.bd

সিডিউলের মূল্য:-৫০০/- টাকা
(পাঁচশত টাকা মাত্র)
অফেরতযোগ্য

সংখ্যা : ১৫.৫৩.০৬০০.৩২১.২১.০২২.১৯.২৪১

তারিখ: ১৬/৫/২০২৪ খ্রি:

বিষয়: তথ্য মন্ত্রণালয়, প্রশাসন শাখা-১ এর ২১/৭/২০২০ তারিখের ১৫.৫৩.০০০০.০১৪.৩২.০০২.১৮(অংশ)-৬৯৬/১(১২) নং পত্র অনুযায়ী বাংলাদেশ বেতার, বরিশাল এর অকেজো ঘোষিত 75 KVA Diesel Generator (Perkins), মডেল: P77E নিলামে বিক্রয়ের জন্য দরপত্র সিডিউল।

ক- অংশ

১। দরপত্র প্রদানকারী/প্রতিষ্ঠানের নাম :

২। পিতা/প্রতিষ্ঠানের মালিকের নাম :

৩। বর্তমান ঠিকানা :

৪। স্থায়ী ঠিকানা :

৫। টেলিফোন/মোবাইল নং (যদি থাকে) :

৬। প্রতিষ্ঠানের ঠিকানা :

৭। দরপত্র সিডিউলের খ অংশে বর্ণিত মালামালের সর্বমোট প্রস্তাবিত মূল্য :
অংকে: টাকা----------
কথায়:----------

৮। পে-অর্ডারের পরিমান :
অংকে: টাকা----------
কথায়:----------
পে-অর্ডার নং----------
তারিখ:
ব্যাংকের নাম ও শাখা:

৯। সিডিউল ক্রয়ের রশিদ নং-
ও তারিখ :

স্বাক্ষর ও তারিখ
দরদাতার পূর্ণনাম/প্রতিষ্ঠানের সীল মোহর
(প্রযোজ্য ক্ষেত্রে)

চলমান পাতা-২

আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, বরিশাল।

খ – অংশ

যন্ত্রপাতির বিবরণ

ক্রমিক নং	বিবরণ	নিলাম দর (টাকা)
০১।	75 KVA Diesel Generator (Perkins), মডেল: P77E, ১টি (বিক্রয়যোগ্য যন্ত্রাংশের তালিকা সংযুক্ত পৃষ্ঠা-৩)	
সর্বমোট:		
কথায় টাকা :		

ঘোষনা : আমি, নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষনা করিতেছি যে, আমি সুস্থ মস্তিষ্কে ও স্বজ্ঞানে উদ্ধৃত দর লিপিবদ্ধ করিলাম। আমার দর দপ্তর কর্তৃক গৃহীত হলে, সিডিউলের শর্তাবলী যথাযথ প্রতিপালন পূর্বক আমি সমুদয় টাকা, আয়কর, ভ্যাট ইত্যাদি পরিশোধ করিয়া অকেজো ঘোষিত 75 KVA Diesel Generator (Perkins), মডেল: P77E নিজ খরচে দপ্তর থেকে নিতে বাধ্য থাকিব।

নিলামে অংশগ্রহণকারীর স্বাক্ষর:

নিলামে ডাককারীর ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা : ----------

ও মোবাইল নং ----------

চলমান পাতা-৩

আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, বরিশাল।

75 KVA Diesel Generator (Perkins), মডেল: P77E এর বিক্রয়যোগ্য যন্ত্রাংশের তালিকা

ক্রঃ নং	মেশিনের নাম ও মডেল	যন্ত্রাংশের নাম	রেফারেন্স নম্বর	যন্ত্রাংশের সংখ্যা
1	2	3	4	5
1.	75 KVA Diesel Generator Model :P77E	Diesel Engine	-	1
		Air Filter	-	1
		Turbo Charger	-	1
		Engine Governor	-	1
		Starter Motor	-	1
		Battery Rack	-	1
		Battery Charging Alternator	-	1
		Radiator	-	1
		Alternator	-	1
		Terminal Box	-	1
		Baseframe & Fuel Tank	-	1
		Control Panel	-	1
		Output Circuit Breaker	-	1

চলমান পাতা-৪

আঞ্চলিক প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, বরিশাল।

গ – অংশ

দরপত্রের শর্তাবলী

১।	ক্রয়কৃত নিলাম দরপত্র সিডিউল আইটেম (খ-অংশে বর্ণিত) অনুযায়ী দর যথাযথভাবে পূরণ করে সীল গালাযুক্ত খামে বাংলাদেশ বেতার, বরিশাল এর প্রকৌশল শাখার প্রশাসন কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে অথবা নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত স্থানে রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালীন দরপত্র জমা দেওয়া যাবে। খামের উপর "অকেজো ঘোষিত 75 KVA Diesel Generator (Perkins), মডেল: P77E ক্রয়ের দরপত্র" উল্লেখ করতে হবে।
২।	পূরণকৃত দরপত্র জমাদানের সর্বশেষ দিন: ০৪/৬/২০২৪ খ্রি: বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত, বাংলাদেশ বেতার, বরিশাল এর প্রকৌশল শাখার প্রশাসন কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে এবং সর্বশেষ তারিখের পূর্বে জমা দিলে প্রকৌশল শাখার প্রশাসন শাখায় জমা দিতে হবে এবং সর্বশেষ দিন বেলা ১২:৩০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার ওপেনিং কমিটি কর্তৃক খোলা হবে।
৩।	ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরিত দরপত্রও গ্রহণ করা হবে তবে জমাদানের শেষ সময়ের পর প্রাপ্ত কোন দরপত্র গ্রহণ করা হবে না। ডাক/ কুরিয়ার সার্ভিসের বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
৪।	দরপত্র দাতাকে জামানত হিসাবে প্রস্তাবিত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) হিসাবে জামানতের টাকা (ফেরৎযোগ্য) সরকার কর্তৃক নির্ধারিত যে কোন ব্যাংকের মাধ্যমে "আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, বরিশাল" বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে। তবে সফল ও সর্বোচ্চ থেকে পর্যায়ক্রমে ০৩(তিন) জন দরদাতার জামানতের পে-অর্ডার অকেজো ঘোষিত সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় আছে) দপ্তর থেকে বের করে নেয়ার ৭দিন পর ফেরৎ দেয়া হবে।
৫।	দরদাতা প্রতিষ্ঠান/ব্যাক্তিকে নিম্ন বর্ণিত কাগজ পত্রাদি দরপত্রের সাথে জমা দিতে হবে : ক) সিডিউল ক্রয়ের রশিদ। খ) পে-অর্ডার (৪ নং শর্তে বর্ণিত টাকার সমপরিমান)। গ) হালনাগাদ ব্যাংক সলভেন্সির সনদপত্র (ব্যাংক থেকে প্রাপ্ত)। ঘ) দরদাতা প্রতিষ্ঠান হলে ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি। দরদাতা ব্যক্তি হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং স্থানীয় ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট থেকে নাগরিকত্বের সনদ পত্র।
৬।	অনিবার্য কারণবশত : দরপত্র জমা ও খোলার দিন সরকারি ছুটি থাকলে পরবর্তী অফিস খোলার দিন পূর্ব নির্ধারিত সময়ে দরপত্র জমা নেয়া এবং খোলা হবে।

চলমান পাতা-৫

৭।	সর্বোচ্চ দরদাতার দর দপ্তর কর্তৃক গৃহিত হলে দরপত্রে প্রস্তাবিত সর্বমোট মূল্যের ওপর সরকারী বিধি মোতাবেক প্রযোজ্য হারে উৎসে আয়কর ও ভ্যাট চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের মূলকপি দপ্তরে জমা দিতে হবে।
৮।	সর্বোচ্চ দরদাতার দর এ দপ্তর কর্তৃক গৃহিত হওয়ার পর এবং প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর দরপত্রে উদ্ধৃত সমুদয় টাকা, আয়কর, ভ্যাট বাবদ টাকা জমা দেওয়ার জন্য ৭ দিনের সময় দিয়ে সর্বোচ্চ দরদাতাকে পত্র দেয়া হবে।
৯।	সর্বোচ্চ দরদাতা ৮ নং শর্তে বর্ণিত ৭ দিনের মধ্যে সমুদয় টাকা (আয়কর ও ভ্যাট সহ) একই সাথে পরিশোধে ব্যর্থ হলে জামানত হিসাবে জমাকৃত পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে। অতঃপর পর্যায়ক্রমে ২য় ও ৩য় (যদি প্রয়োজন হয়) সর্বোচ্চ দরদাতাকে ৮ নং শর্ত অনুসরণ করে পত্র দেয়া হবে। ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতার ব্যর্থতার জন্য জামানতের সম্পূর্ণ টাকা বাজেয়াপ্ত করা হবে। জামানত বাজেয়াপ্ত করণের ক্ষেত্রে আলাদা কোন নোটিশ বা পত্র দেয়া হবে না।
১০।	সর্বোচ্চ দরদাতা ৮ নং শর্তে বর্ণিত পত্র অনুযায়ী সমুদয় টাকা, আয়কর এবং ভ্যাট পরিশোধ করলে মালামাল বুঝে নেওয়ার জন্য ০৭ দিনের সময় দিয়ে কার্যাদেশ প্রদান করা হবে।
১১।	১০ নং শর্তে বর্ণিত কার্যাদেশ অনুযায়ী ০৭ দিনের মধ্যে নিলামকৃত তালিকাভূক্ত মালামাল (যেখানে যে অবস্থায় আছে) দপ্তর কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণের উপস্থিতিতে দপ্তরের গেইটের বাহিরে নিতে হবে।
১২।	নিলামের জন্য তালিকাভূক্ত মালামালসমূহ যেখানে যে অবস্থায় আছে সেখান থেকে নিজ খরচে দপ্তরের বাহিরে নিতে হবে। মালামালসমূহ দপ্তর থেকে সরিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দরদাতাকে সঙ্গে আনতে হবে। দপ্তর থেকে কোন কিছু সরবরাহ করা হবে না।
১৩।	কেবল মাত্র সিডিউলে বর্ণিত মালামালই বিক্রয় করা হবে এবং বর্ণিত মালামালের সর্বমোট মূল্যের ওপর সর্বোচ্চ দরদাতা নির্ধারণ করা হবে।
১৪।	দরপত্র দাখিলের পূর্বে দরদাতা প্রয়োজন মনে করলে খ-অংশে বর্ণিত নিলামে বিক্রয়যোগ্য তালিকাভূক্ত মালামালসমূহ গেইট পাশ সংগ্রহ করে অফিস চলাকালীন সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। তবে উল্লেখিত যন্ত্রপাতির কোনরূপ আলোকচিত্র বা ছবি তোলা যাবে না।
১৫।	যে সকল লোকজন মালামাল নেয়ার জন্য ভিতরে প্রবেশ করবে, তাঁদের গেইট পাশ দরদাতাকে দপ্তর থেকে পূর্বেই সংগ্রহ করে নিতে হবে। অনুমোদিত লোকের বাহিরে কাউকে দপ্তরে প্রবেশ করতে দেয়া হবে না।
১৬।	মালামাল সরিয়ে নেয়ার সময় দপ্তরের কোন মালামাল বা যন্ত্রপাতি বা অন্য কোন সরকারী সম্পদ ক্ষতিগ্রস্থ হলে দরদাতা উপযুক্ত ক্ষতিপূরণ (এ দপ্তর কর্তৃক নির্ধারিত) দিতে বাধ্য থাকিবেন।
১৭।	সিডিউলে প্রতি পৃষ্ঠায় দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে স্বাক্ষর ও পূর্ণনাম/প্রতিষ্ঠানের সীল মোহর (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।
১৮।	কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা এ দপ্তর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬/৭/২৪

আব্দুল্লাহ নূরুস সাকলায়েন
আঞ্চলিক প্রকৌশলী
ফোন : ০২৪৭৮৮-৩০৬০১
ই-মেইল : rebarishal@betar.gov.bd